অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

সোশ্যাল মিডিয়াতে মুসলিমবিরোধী ও ইহুদিবিরোধী মতামত উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পাওয়ার পর, গভর্নর হোকল অনলাইন ঘৃণার মোকাবেলা করতে নতুন সংস্থান মোতায়েন করলেন

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ কর্তৃক পর্যবেক্ষণ করা ডেটা দেখায় যে অনলাইনে ইহুদি সম্প্রদায়সমূহের বিরুদ্ধে ঘৃণা বক্তব্য 425 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং মুসলিম সম্প্রদায়সমূহের বিরুদ্ধে ঘৃণা বক্তব্য 417 শতাংশ বৃদ্ধি পেয়েছে

গভর্নর সকল কলেজ ক্যাম্পাসে স্টেটের সফল ঝুঁকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা দল সম্প্রসারিত করার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করলেন; চরমপন্থী সহিংসতার মোকাবেলা করতে বাফেলোতে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর গণ গুলিবর্ষণের পরবর্তীতে শুরু করা স্টেট প্রয়াসসমূহের অনুবর্তী

তরুণদের অতি গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ ও সংস্থান প্রদান করার জন্য K-12 স্কুলের জন্য একটি মিডিয়া সাক্ষরতা টুলকিট তৈরি করার জন্য গভর্নর স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগকে নির্দেশ দিলেন; এই ছুটির সপ্তাহান্তে অনলাইনে ঘৃণা বক্তব্য সম্পর্কে সন্তানদের সাথে কথা বলতে পিতামাতার জন্য স্টেট তথ্যমূলক নির্দেশনা তৈরি করেছে

ওসামা বিন লাদেনের প্রশংসা করা ভাইরাল টিকটিক বিষয়বস্তুর পর, গভর্নর সোশ্যাল মিডিয়া কর্পোরেট নেতৃবৃন্দকে ব্যবহারকারীদের জন্য আরো শক্তিশালী ঘৃণা বিরোধী নিয়মকানুন বাস্তবায়ন করার আহ্বান করেন

নিউ ইয়র্ক স্টেটজুড়ে অনলাইন ঘৃণা বক্তব্যের চলমান বৃদ্ধির মোকাবেলা অব্যাহত রাখার জন্য গভর্নর ক্যাথি হোকল আজকে নতুন সংস্থান মোতায়েন করলেন। গভর্নর হোকল ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের সকল কলেজ ও ইউনিভার্সিটিতে স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ ইউনিটের (Domestic Terrorism Prevention Unit', DTPU) ঝুঁকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা (Threat Assessment and Management, TAM) প্রশিক্ষণ সম্প্রসারিত করার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হবে। এছাড়াও গভর্নর অনলাইনে কীভাবে ভুল তথ্য/ বিভ্রান্তি/ বিকৃত তথ্য (misinformation/disinformation/malinformation, MDM) সনাক্ত করতে হয় তা শিক্ষার্থীদের শেখাতে সরকারি স্কুলের শিক্ষকদের সাহায্য করার জয় একটি মিডিয়া সাক্ষরতা টুলকিট তৈরি ও বিতরণ করার জন্য স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগকে নির্দেশ

দিয়েছেন, সহিংসতার উদ্রেক করতে পারে এমন বিষয়বস্তুর উপর বর্ধিত নজরদারির আহ্বান জানিয়ে প্রধান সোশ্যাল মিডিয়া কোম্পানিসমূহকে চিঠি প্রেরণ করেছেন, এবং ছুটির মৌসুমে বাড়ি ফেরার পর তরুণ প্রাপ্তবয়স্কদের সাথে ঘৃণা ও ঘৃণা বক্তব্যের বিধ্বংসী প্রভাব সম্পর্কে কথোপকথন শুরু করতে পিতামাতাকে সাহায্য করার জন্য একটি তথ্যমূলক নির্দেশনা প্রকাশ করেছেন। অক্টোবরের শুরু থেকে স্টেটব্যাপী অনলাইনে ইহুদিবিরোধী ও ইসলামোফোবিক হুমকির 400 শতাংশ বৃদ্ধি এবং অনলাইন স্থানে ঘৃণা বক্তব্যের বিস্তার অব্যাহত থাকার কারণে এই পদক্ষেপগুলি গৃহীত হয়েছে।

"ঘৃণার ক্রমবর্ধমান জোয়ার সকল নিউ ইয়র্কবাসীকে ঝুঁকিগ্রস্ত করছে, এবং গভর্নর হিসেবে আমি এই সঙ্কটকে সামনে থেকে সমাধান করতে চাই," **গভর্নর হোকল বলেন।** "আমরা ভৌত নিরাপত্তা সংস্থান মোতায়েন করছি, আমাদের ঝুঁকি ব্যবস্থাপনা ও মূল্যায়ন দল সম্প্রসারিত করছি, সোশ্যাল মিডিয়া কোম্পানি সমূহের কাছ থেকে আরো শক্তিশালী পদক্ষেপ আহ্বান করছি, এবং ঘৃণার বিরুদ্ধে লড়াইয়ে পরিবার ও সম্প্রদায়কে একত্রিত হতে উৎসাহিত করছি। নিউ ইয়র্ক সর্বদাই আশা, সহনশীলতা এবং অন্তর্ভুক্তির মশাল হয়ে আছে, এবং সকল ধরনের ঘৃণার নিন্দা করতে আমরা কীভাবে একত্রিত হই তার দ্বারা আমরা সংজ্ঞায়িত হবো।"

DHSES এর অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ ইউনিটে 3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার মাধ্যমে স্টেট এর ঝুঁকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা দলের প্রশিক্ষণকে সম্প্রসারিত করবে এবং স্টেটব্যাপী সকল ক্লিক ও ইউনিভার্সিটিকে সমর্থন করবে।

DTPU নিউ ইয়র্ক স্টেট কলেজ ও ইউনিভার্সিটির জন্য প্রশিক্ষণ পরিচালনা করবে; কীভাবে TAM দল গঠন ও পরিচালনা করতে হয় সে সম্পর্কে স্কুলের প্রশাসক, অধ্যাপক, এবং কর্মীদের শিক্ষিত করবে; এবং সমর্থিত সত্তাসমূহকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করবে। এছাড়াও DHSES বর্তমানে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York , SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) ব্যবস্থার মধ্যে সক্রিয় থাকা বিদ্যমান নেটওয়ার্কসমূহকে সংযুক্ত করতে সাহায্য করবে এবং নতুন কলেজ ও ইউনিভার্সিটি TAM প্রয়াস ও নিউ ইয়র্কের বাফেলোতে 2022 সালের মে মাসের অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলার পর থেকে পুরো স্টেটে গঠিত কাউন্টি নেতৃত্বাধীন মাল্টিডিসিপ্লিনারি TAM দলগুলির মধ্যে তথ্য আদানপ্রদান নিশ্চিত করবে।

এই প্রয়াসের অধীনে, নতুন TAM দল যা করবে:

- ঝুঁকি যাচাই করার জন্য প্রশিক্ষিত পেশাদারদের মাল্টিডিসিপ্লিনারি দল ব্যবহার করবে এবং সহিংসতার পথে থাকা ব্যক্তিদের জন্য ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করবে;
- উদ্বেগজনক আচরণ সনাক্ত করবে এবং যথাযথ তীব্রতা বৃদ্ধির জন্য প্রটোকল সংজ্ঞায়িত করবে;
- শিক্ষার্থী এবং অন্যান্য বাইস্ট্যান্ডার ব্যক্তির উদ্বেগজনক ব্যবহারের প্রতিবেদন পাওয়ার জন্য একটি কেন্দ্রীয় প্রতিবেদন ব্যবস্থা স্থাপন করবে; এবং
- সহিংসতায় রূপ নেওয়ার পূর্বেই উদ্বেগজনক আচরণ দ্রুত সনাক্ত করার জন্য ঝুঁকির নির্ণায়ক ও সতর্কতা লক্ষণ সম্পর্কে প্রশাসনিক কর্মী ও অধ্যাপকদের শিক্ষিত করবে।

ইসরায়েল-হামাস দ্বন্দ্ব এবং ইউক্রেনের যুদ্ধসহ সাম্প্রতিক আন্তর্জাতিক ঘটনাসমূহ নিউ ইয়র্ককে সরাসরি প্রভাবিত করছে। প্রত্যেক ঘটনা অনলাইনে ভুল তথ্য, বিভ্রান্তি, ও বিকৃত তথ্য বিস্তার বৃদ্ধির সূচনার কারণ হয়েছে। বিদেশি প্রতিপক্ষ এবং অভ্যন্তরীণ চরমপন্থীরা নিউ ইয়র্কবাসীর মধ্যে বিভেদের বীজ বপন করতে এবং সম্প্রদায়ের সংহতি হ্রাস করতে এবং একই সাথে উদ্বেগ, ভীতি, এবং বিভ্রান্তি সৃষ্টি করতে MDM ব্যবহার করা হচ্ছে।MDM এর প্রাদুর্ভাব, এবং তরুণদের একটি বর্ধিত অংশ অনলাইন উৎস থেকে তাদের খবর ও তথ্য পাওয়ার কারণে, তারা যেই তথ্য দেখছে তার উৎস সম্পর্কে এবং তার ব্যাখ্যা সম্পর্কে সমালোচনামূলক চিন্তা করার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করা গুরুত্বপূর্ণ।

নতুন মিডিয়া সাক্ষরতা কর্মসূচির অংশ হিসেবে, পুরো নিউ ইয়র্কের প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের জন্য মিডিয়া সাক্ষরতা সম্পর্কিত একটি বয়স অনুযায়ী যথাযথ, আদর্শগতভাবে নিরপেক্ষ টুলকিট তৈরি ও বিতরণ করার জন্য স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ শিক্ষা বিশেষজ্ঞদের সাথে অংশীদারিত্ব করবে। তথ্য বুঝতে পারার প্রমাণিত এই পন্থাটি সোশ্যাল মিডিয়ার মাধ্যমে পাওয়া তথ্যসহ সকল প্রকার মিডিয়া বিশ্লেষণ, মূল্যায়ন, এবং যাচাই করার জন্য শিক্ষার্থীদের সক্ষমতার বিকাশ করবে। বিভিন্ন বয়সভিত্তিক প্রশিক্ষণ ব্যবহার করে, এই মিডিয়া সাক্ষরতা টুলকিটটি সমালোচনামূলক চিন্তাকে উৎসাহিত করবে এবং মিডিয়া ব্যবস্থা কীভাবে কাজ করে এবং কেউ অনলাইনে তথ্য বিতরণ করার সিদ্ধান্ত নিলে তার জন্য যে বহু ইক্যুইটি কাজ করে তার আরো ভালো উপলব্ধি তৈরি করে।

ছুটির সময় হলো পরিবারের গুরুত্ব এবং নিউ ইয়র্কের মতো অনন্য ও বৈচিত্র্যময় একটি সম্প্রদায়ের অংশ হওয়ার অর্থ কী সে সম্পর্কে প্রতিফলনের একটি সময়। ছুটির সময় আসন্ন, তাই অন্তর্ভুক্তি, বহুত্ববাদ, এবং ধর্মান্ধতা প্রত্যাখ্যান করার গুরুত্ব সম্পর্কে আলোচনা করতে গভর্নর নিউ ইয়র্কের পরিবারসমূহকে আহ্বান করছেন। বহু কলেজ ও ইউনিভার্সিটির শিক্ষার্থীরা থ্যাংকসগিভিংয়ের জন্য বাড়ি ফিরে যাচ্ছে, তাই ঘৃণা ও ঘৃণা বক্তব্যের বিধ্বংসী প্রভাব সম্পর্কে কথোপকথন শুরু করতে পিতামাতাদেরকে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক একটি তথ্যমূলক নির্দেশনা তৈরি করেছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "অনলাইন ঘৃণা, বিশেষ করে ইহুদিবিরোধী, ইসলামোফোবিক এবং আরববিরোধী হুমকি সংক্রান্ত ঘৃণা উদ্বেগজনক হারে বৃদ্ধি পাচ্ছে। অন্য যেকোনো সময়ের তুলনায় এখন তরুণ প্রাপ্তবয়স্কদের কাছে সেই ব্যবস্থা থাকা প্রয়োজন যার দ্বারা তারা অনলাইনে যা দেখবে তা সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করতে পারবে এবং ঘৃণাপূর্ণ মতবাদের আরো বিস্তার প্রতিরোধ করতে পারবে।"

নতুন এই উদ্যোগসমূহ ঘৃণা ও চরমপন্থী সহিংসতার বিস্তার সমাধান করতে নিউ ইয়র্কে ইতিমধ্যে চলমান বিস্তৃত কাজের অনুবর্তী হবে।

2022 সালের মে মাসে বাফেলোতে বর্ণবাদ সংক্রান্ত গণ গুলিবর্ষণের ঘটনার পর অবিলম্বে গভর্নর হোকল নির্বাহী আদেশ 18 স্বাক্ষর করেন যা প্রত্যেক কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটির জন্য অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ পরিকল্পনা (Domestic Terrorism Prevention Plans) তৈরি করা আবশ্যিক করে; এবং স্থানীয় ঝুঁকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা দল গঠন সমর্থন করার জন্য DHSES

এর অধীনে অভ্যন্তরীণ সন্ত্রাস প্রতিরোধ ইউনিট তৈরি করেন।অভীষ্ট সহিংসতার হুমকি সনাক্ত, যাচাই, এবং ব্যবস্থাপনার জন্য মাল্টিডিসিপ্লিনারি দলগুলি আইন শৃঙ্খলা রক্ষাকারী, মানসিক স্বাস্থ্য পেশাদার, স্কুলের কর্মকর্তা, এবং সম্প্রদায়ের অন্যান্য স্টেকহোল্ডারকে একত্রিত করে।

প্রয়াসের সূচনার পর থেকে, নিউ ইয়র্ক সিটির বাইরে 58টি কাউন্টির মধ্যে 36টি TAM দল প্রতিষ্ঠা করেছে। 36টি দলের মধ্যে ষোলটি ইতিমধ্যে বৈঠক করছে এবং মামলার শুনানি করছে, এবং অবশিষ্ট 20টি দল বৈঠক করছে এবং নিকট ভবিষ্যতে মামলার শুনানি শুরু করবে বলে আশা করা যাচ্ছে। নিউ ইয়র্কের সকল কাউন্টি একটি TAM দল গঠন করার ইচ্ছা প্রকাশ করেছে। গভর্নর হোকলের নির্বাহী আদেশ 18 এর পূর্বে, পুরো স্টেটে মাত্র তিনটি কাউন্টিভিত্তিক TAM দল ছিলো, যা DHSES এর অনুদানের মাধ্যমে সমর্থিত হয়।

শুধু গত তিন মাসেই, TAM দলসমূহ 53টি বৈঠক করেছে এবং বিভিন্ন সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের রেফার করা কয়েক ডজন মামলার পর্যালোচনা করেছে।

- এই দলগুলির 94 শতাংশের কাছে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃক রেফার করা কমপক্ষে একটি মামলা ছিলো। এই দলগুলির 67 শতাংশের কাছে কোনো শিক্ষামূলক অংশীদার কর্তৃক রেফার করা কমপক্ষে একটি মামলা ছিলো। এই দলগুলির 53 শতাংশের কাছে কোনো মানসিক স্বাস্থ্য অংশীদার কর্তৃক রেফার করা কমপক্ষে একটি মামলা ছিলো; এবং এই দলগুলির 27 শতাংশের কাছে সামাজিক সেবা কর্তৃক রেফার করা কমপক্ষে একটি মামলা ছিলো।

জনস্বাস্থ্য পেশাদার, ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান, এবং বেসরকারি সত্তাসমূহের মতো অন্য মুখ্য স্টেকহোল্ডারগণও TAM দলের কাছে মামলার রেফার করেছে।

2023 সালের নভেম্বর মাসে, সুরক্ষা বৃদ্ধির জন্য স্টেট পুলিশকে সচল করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য গভর্নর হোকল আইন শৃঙ্খলা রক্ষা সক্রিয় করেছেন। এর মধ্যে রয়েছে রেড ফ্ল্যাগ আইন বিস্তৃত ও ব্যবহার করতে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা এবং নিরাপত্তায় 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা।

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস ডিভিশন সম্পর্কে

ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস (Division of Homeland Security and Emergency Services, DHSES) এর ডিভিশন বিপর্যয় এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো বেশি তথ্যের জন্য ফেসবুকে, ইন্সটাগ্রাম এবং X (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ @NYSDHSES ফলো করুন অথবা ভিজিট করুন dhses.ny.gov।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন